**অস্পমার(পাপ পুরুষ) দেখতে কেমন হয়?**

বিশেষ তপস্যা দ্বারা যে মুহূর্তে অস্পমার(পাপ পুরুষ) আমাদের স্থূল এবং সূক্ষ্ম শরীর এবং ৩০টি বিষয় থেকে বেরিয়ে যায়, তখন সে দেখতে কেমন হয়?

উঃ- যে মুহূর্তে অস্পমার(পাপ পুরুষ) বেরিয়ে যায়, সেই মুহূর্তে একটা পূর্ন কালো ধোয়া বা কালো পুরুষ বা কালো নারী বা আমাদের নিজ নিজ স্থূল শরীরের মতো দেখতে একটা পূর্ণ কালো রঙের ধোঁয়া বেরিয়ে যায়। তখন দেহী সেই পাপ পুরুষ / কালো ধোয়া রূপি অস্পমারকে(পাপ পুরুষ) দেখতে পায়। আর সেই মুহূর্ত থেকে অর্থাৎ যে মুহূর্তে সেই পাপ পুরুষ দেহীর দেহ থেকে বেরিয়ে যাই, সেই মুহূর্ত থেকে তার দেহ পূর্ণ শুদ্ধতা প্রাপ্ত হয়। আত্মজ্ঞান না হলে অস্পমার(পাপ পুরুষ) জীবের দেহ থেকে বেরোয় না। কিন্তু আত্মজ্ঞানের পর আর শরীরে প্রবেশ করতে পারে না। বীর সাধক না হলে তাকে পরাজয় করা যায় না।

যতদিন না অস্পমারকে(পাপ পুরুষ) আমরা যুদ্ধে পরাজিত না করছি, ততদিন পর্যন্ত মনুষ্যত্বের বিকাশ হয়না। অর্থাৎ, অস্পমারকে(পাপ পুরুষ) পরাজিত করতে না পারলে মনুষ্যত্ব ভাব লাভ করা যায়না।

Published on: Jan, 19 2023 16:35